২৩ সেপ্টেম্বর, ২০২৫

# সুগন্ধা পয়েন্টে অবৈধ দোকান উচ্ছেদে বাধা: নেপথ্যে আরিফ-সোহেল



সংগৃহীত ছবি

কক্সবাজারের সুগন্ধা পয়েন্টে অবৈধ দোকান উচ্ছেদে প্রশাসন বারবার বাধার মুখে পড়ছে। ছিনতাইকারী বিচ্ছু আরিফ ও হত্যা মামলার আসামি যুবদল নেতা সোহেলের নেতৃত্বে প্রতিরোধ গড়ে উঠেছে। রাজনৈতিক আশ্রয়-প্রশ্রয়ের অভিযোগে স্থানীয়দের মধ্যে ক্ষোভ দেখা দিয়েছে।

সুগন্ধা পয়েন্টের বালিয়াড়িতে দখল করে বসানো অবৈধ দোকান উচ্ছেদে প্রশাসনের অভিযান বারবার বাধাগ্রস্ত হচ্ছে। গত তিন দিনে একাধিকবার উচ্ছেদে গেলে ছিনতাইকারী বিচ্ছু আরিফ ও হত্যা মামলার আসামি যুবদল নেতা সোহেলের বাহিনী প্রতিরোধ গড়ে তোলে।

স্থানীয় সূত্রে জানা গেছে, এদের পেছনে রাজনৈতিক যোগাযোগ সক্রিয় ভূমিকা রাখছে। অনুসন্ধানে উঠে এসেছে, এই দু'জনকে আশ্রয়-প্রশ্রয় দিচ্ছেন ১২ নম্বর ওয়ার্ড (উত্তর) বিএনপির সাধারণ সম্পাদক শুক্কুর, যিনি এলাকায় ক্রস শুক্কুর নামে পরিচিত।

এছাড়া দোকান বসানোর মূল হোতা হিসেবে স্থানীয় আওয়ামী লীগ নেতা জাকিরের নামও সামনে এসেছে।

প্রশাসনের নীরবতা ও টানা ব্যর্থতায় স্থানীয়দের মধ্যে তীব্র ক্ষোভ বিরাজ করছে। তাদের প্রশ্ন—ছিনতাইকারী বিচ্ছু আরিফ ও হত্যা মামলার আসামি সোহেলের বাহিনীর কাছে কেন প্রশাসন হার মেনে নেবে?